



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

১৮ আগস্ট, ২০২৩

বাউবির এমডিএস প্রোগ্রামের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে গাজীপুরস্থ ক্যাম্পাসের বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে ওপেন স্কুল পরিচালিত মাস্টার অব ডেভেলপমেন্ট স্টাডিজ (এমডিএস) প্রোগ্রামের ওরিয়েন্টেশন ১৮ আগস্ট ২০২৩ শুক্রবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন বাউবির প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন (ভাটুয়ালি), টেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল।



ওরিয়েন্টেশন প্রোগ্রামে ভাটুয়ালি বক্তব্য রাখেন বিইউপি'র প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সাকীর আহমেদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এমডিএস প্রোগ্রামের ভর্তি কমিটির সভাপতি ও বাউবি বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক ড. মো. শহীদুর রহমান, বক্তব্য রাখেন সমন্বয়ক অধ্যাপক ড. মো. ইকবাল হুসাইন, শুভেচ্ছা বক্তব্য রাখেন স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের পরিচালক ড. এএইচএম আনিসুর রহমান আখন্দ ও ঢাকা আঞ্চলিক কেন্দ্রের সহকারী পরিচালক শেখ আইনুল হক।

অনুষ্ঠানে বক্তরা বলেন, এবারই প্রথম বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রামে শিক্ষার্থী কার্ড ও একাডেমিক সূচিসহ সিলেবাস প্রদান করা সম্ভব হলো। ভর্তিচ্ছু ৬০ জন শিক্ষার্থীর মধ্যে ৩০ জনকে ভর্তি করা হয়েছে। প্রোগ্রামটি সেশন জট জিরো পর্যায়ে থাকবে বলেও দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন ভর্তি কমিটির সভাপতি ড. শহীদ। ওরিয়েন্টেশন প্রোগ্রামে বাউবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. আব্দুস সাত্তারসহ বিভিন্ন অনুষদের শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সম্বলনায় ছিলেন, ওপেন স্কুলের সহকারী অধ্যাপক কাজী শারমিন পামেলা।

এর আগে একই কেন্দ্রে সকালে সামাজিক বিজ্ঞান মানবিক ও ভাষা স্কুল পরিচালিত এলএলবি (অনার্স) ২০২২-২৩ সেশনের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এছাড়াও সারা দেশ জুড়ে বাউবির ওপেন স্কুল পরিচালিত এসএসসি প্রোগ্রামের ওরিয়েন্টেশন ক্লাস দেশের সকল স্টাডি সেন্টারে একযোগে অনুষ্ঠিত হয়।

উদ্দিন

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)